

কার জন্য প্রযোজ্য?

শারীরিক, মানসিক বা সংবেদনশীল অক্ষমতাসম্পন্ন যেকোন বয়সের ব্যক্তির স্থায়ী বা বৃদ্ধিমূলক এমন কোন সমস্যা যা শেখার ক্ষেত্রে, সম্পর্ক ও কর্মক্ষেত্রে প্রবেশের জন্য অসুবিধা সৃষ্টি করে এবং সার্বোপরি সামাজিক পতিকলতা ও

কে আবেদন করতে পারে?

- ইতালিতে বসবাসরত ইতালিয়ান নাগরিক;
- বিদেশী ইইউ নাগরিক যারা বৈধভাবে ইতালিতে আছেন ও পৌরসভা/কমুনে এর রেজিস্ট্রি অফিসে যাদের আবাসন নিবন্ধিত;
- ইইউ বহির্ভূত বিদেশী নাগরিক যাদের কমপক্ষে এক বছরের পের্মেস্‌স দি সডজর্গ রয়েছে।

এটি কি ধরনের সুবিধার নিশ্চয়তা দেয়?

নিম্নোক্ত সুবিধাগুলো নিশ্চিত করে

- অর্থনৈতিক (পেনশন, বৃত্তি, ভাতা)
- অ-অর্থনৈতিক (ট্যাক্স বিরতি, স্বাস্থ্যসেবা, ১০৪/১৯৯২ আইনের অধীনে অনুমতি, কাজ)।

এটি কিভাবে কাজ করে?

১. ব্যক্তিগত ডাক্তার/শিশুডাক্তার অনলাইনে নির্দিষ্ট **ডাক্তারী পরিচিতিমূলক সার্টিফিকেট** পূরণপূর্বক তা ইনপ্স এ পাঠান, যেখানে সংশ্লিষ্ট রোগীর ব্যক্তিগত তথ্য, ফিসক্যাল কোড, প্যাথলজি ও নির্ণীত রোগের তথ্যসমূহ অন্তর্ভুক্ত থাকে।

ডাক্তার সন্তানের পিতামাতাকে দেয়:

- সক্রিয় পদ্ধতির ইউনিক সার্টিফিকেট নম্বর(নুমেরো উনিভোকো) সহ রসিদ

২. অভিভাবক ইনপ্স এর ওয়েব সাইট হতে অনলাইনের মাধ্যমে সংশ্লিষ্ট স্বাস্থ্য আবেদন যাচাইকরণের জন্য প্রেরণ করতে পারেন অন্যথায় কাফ পাত্রোনাতো এর শরণাপন্ন হতে পারেন।

৩. অভিভাবক এর সাথে ইনপ্সের পক্ষ হতে ভিজিটের এপয়েন্টমেন্ট এর জন্য যোগাযোগ করা হবে।

সংশ্লিষ্ট ভিজিটটি আজেল/ASL তে **ডাক্তার-আইনগত কমিশন** ও ইনপ্সের একজন ডাক্তারের সমন্বয়ে সম্পন্ন হবে। সংশ্লিষ্ট শিশু/যুবকের নাগরিক অক্ষমতার স্বীকৃতি পাওয়ার বৈশিষ্ট্য প্রত্যয়নের জন্য এ ভিজিট প্রয়োজন।

ভিজিটের সময় অভিভাবককে মেয়াদ সম্বলিত সনাক্তকারী ডকুমেন্টের কপি ও **স্বাস্থ্য/রোগ সম্পর্কিত যাবতীয় ডকুমেন্ট** জমা দিতে হবে।

ভিজিটের সময় আগ্রহীপক্ষ তার বিশ্বস্ত একজন ডাক্তারের সহায়তা নিতে পারে।

৪. কমিশন কর্তৃক **ভিজিটের রিপোর্ট** ইলেক্ট্রনিক বিন্যাসে তৈরী করা হয় এবং তা সংশ্লিষ্ট আগ্রহী পক্ষের কাছে নিবন্ধিত মেইল বা পেক এর মাধ্যমে পাঠানো হয়।

ভিজিটের রিপোর্টে প্রতিবন্ধকতাটি স্বীকৃত কিনা তা নির্দেশ করে।

আরো তথ্যের জন্য ইনপ্সের নিম্নোক্ত ওয়েব সাইটটি ভিজিট করুন:

<https://www.inps.it/prestazioni-servizi/accertamento-sanitario>

104 এবং ক্ষতিপূরণ প্রশ্ন একসাথে জিজ্ঞাসা করা আবশ্যিক